৭৮

দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 9 1999

পৃষ্ঠা ৭ কলাম ৮

# বইমেলা ॥ ৩৩টি নতুন বই এসেছে

স্টাফ রিপোর্টার ॥ বাংলা একাডেমীর একুশের বইমেলায় সোমবার নতুন বই এসেছে ৩৩টি। আজ এবং আগামীকাল অনুষ্ঠেয় বাংলা একাডেমীর দু'টি আলোচনা অনুষ্ঠান অনিবার্য কারণে স্থগিত রাখা হয়েছে। এ দু'টি আলোচনা চলতি মাসেই হবে। দিন তারিখ স্থির হয়নি।

বাংলা একাডেমীর স্টলে গত রবিবার বিক্রি হয়েছে ৮৯

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## বইমেলা ॥ ৩৩টি

(প্রথম পাতার পর)

হাজার ৯শ' টাকার বই। তার আগের দিন শনিবার বিক্রি হয়েছিল ৮৫ হাজার টাকার বই।

আজ ও আগামীকালের হরতালের সময় বইমেলা কি খোলা থাকবে? সোমবার মেলার তথ্য কেন্দ্রে সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে একাডেমীর এক কর্মকর্তা বলেন, 'আমাদের বিশ্বাস, একুশের বইমেলা সবকিছুর আওতার বাইরে থাকবে।'

### জীবনানন্দ জন্মশতবার্ষিকী ঘিরে ভিন্ন বইমেলা ও ফটো প্রদর্শনীর প্রস্তাব

ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজী বিভাগ প্রাক্তন ছাত্র-ছাত্রী সমিতির প্রতিষ্ঠাতা প্রধান সমন্বয়কারী বইমেলা উপলক্ষে একটি ব্যতিক্রমী প্রস্তাব দিয়েছেন।

তিনি বলেন, কবি জীবনানন্দ দাশ, কবি বুদ্ধদেব বসু ও কবি শামসুর রাহমান ইংরেজী বিভাগের প্রাক্তন ছাত্র। এই ত্রিরত্ন বাঙালী জাতি ও বাংলাদেশের গর্বের বিষয়। কবি জীবনানন্দের জন্মশতবর্ষ চলছে, বিভাগের বর্তমান প্রাক্তন ছাত্র-ছাত্রীরা সপ্তাহব্যাপী জন্মশতবর্ষ উৎসব করতে পারেন– ব্যতিক্রমী বইমেলাও হতে পারে। সমাজের বিভিন্ন অঙ্গনে প্রতিষ্ঠিত ইংরেজী বিভাগের বর্তমান ও প্রাক্তন শিক্ষক, ছাত্রছাত্রীদের গ্রন্থ, পত্রিকা ও আলোকচিত্র, বিভাগের বিভিন্ন সমাজকর্মীর (অকাল প্রয়াত বন্ধন ঃ স্বেচ্ছায় রক্তদান সংস্থার প্রতিষ্ঠাতা সদস্য এষা খান, বৈমানিক ফারিয়া লারাসহ) পরিচিতিও প্রস্তাবিত বইমেলায় প্রদর্শিত হতে পারে।

এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ ও তা বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট মহল এবং শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী-শিক্ষকদের বই, আলোকচিত্র ও সমাজকর্মের নিদর্শনসংবলিত এ মেলা সফল হলে ভবিষ্যতে অন্যান্য বিশ্ববিদ্যালয়, বিভাগও এ কাজে এগিয়ে আসবে।

### নতুন বই সংবাদ

সোমবার প্রকাশিত নতুন বইয়ের মধ্যে রয়েছে হুমায়ূন আহমদের উপন্যাস 'রূপার পালঙ্ক' (অন্য প্রকাশ), ইমদাদুল হক মিলনের উপন্যাস 'কোকিল ডেকেছিল' (আফসার ব্রাদার্স), মহাদেব সাহার কাব্যগ্রন্থ 'কেন সুন্দর ব্যথিত হতো' (অনন্যা), ডঃ মোহাম্মদ হাননানের লেখা 'বঙ্গবন্ধু হত্যার বিচারের ইতিহাস' (আগামী প্রকাশনী), সিরাজুল ইসলাম চৌধুরীর 'নির্বাচিত প্রবন্ধ' (আগামী), হুমায়ুন আজাদের 'নির্বাচিত প্রবন্ধ' (আগামী), অমর সাহার 'কলিকাতার বুদ্ধিজীবীদের দৃষ্টিতে বাংলাদেশের মুক্তিযুদ্ধ' (আগামী), ফারুক হোসেন সম্পাদিত 'একুশের ছড়া কবিতা' (আগামী), খালেদা এদিব চৌধুরীর 'বঙ্গবন্ধু শেখ মুজিব এক সমুদ্র জীবন' (আগামী) ইত্যাদি।

### বাংলাদেশী লেখকের কাছে মার্কিন প্রেসিডেন্টের শুভেচ্ছা বার্তা

বাংলাদেশের বিশিষ্ট লেখক ও 'মুক্তিযুদ্ধ হৃদয়ে মম' গ্রন্থের রচয়িতা মুসা সাদিকের কাছে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বিল ক্লিনটন এক শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন।

শুভেচ্ছা বার্তায় মিঃ ক্লিনটন বলেন, 'সমগ্র বিশ্ব ও যুক্তরাষ্ট্রের জন্য আমার অবদানের বিষয়ে আপনার ও অন্যান্যের শুভেচ্ছা বার্তা এবং সমর্থন আমাকে গভীরভাবে স্পর্শ এবং অনুপ্রাণিত করে। বিশ্বমানবের কল্যাণে যে সব চ্যালেঞ্জিং কর্তব্য পালন করা আবশ্যক, আমি তার সবই করার আপ্রাণ চেষ্টা করছি। আপনার শুভেচ্ছা বার্তার জন্য ধন্যবাদ। আপনার একান্ত
—বিল ক্লিনটন।

গত ৪ ফেব্রুয়ারি প্রেসিডেন্ট ক্লিনটনের শুভেচ্ছা বার্তা পেয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক বিশিষ্ট লেখক ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সমর সংবাদদাতা মুসা সাদিক অভিভূত হন।
—বিজ্ঞপ্তি।